

# 🗏 আশ-শুআ'রা | Ash-Shu'ara | الشُّعَرَاء |

আয়াতঃ ২৬: ৮৭

## 💵 আরবি মূল আয়াত:

# وَ لَا تُحْزِنِي يَومَ يُبِعَثُونَ ﴿٨٧﴾

#### 🗚 অনুবাদসমূহ:

'আর যেদিন পুনরুত্থিত করা হবে সেদিন আমাকে লাপ্তিত করবেন না'। — আল-বায়ান এবং পুনরুত্থান দিবসে আমাকে অপমানিত করো না। — তাইসিরুল এবং আমাকে লাপ্তিত করবেননা পুনরুত্থান দিবসে — মুজিবুর রহমান

And do not disgrace me on the Day they are [all] resurrected - - Sahih International

#### ৮৭. এবং আমাকে লাঞ্ছিত করবেন না পুনরুত্থানের দিনে(১),

(১) অর্থাৎ ইবরাহীম আলাইহিস সালাম বললেনঃ হে আমার রব! যেদিন সমস্ত সৃষ্টিজগতে পুনরুত্থান করা হবে, সেই কেয়ামতের দিন আমাকে লজ্জিত করবেন না। হাদীসে এসেছে, ইবরাহীম আলাইহিস সালাম কেয়ামতের দিন তার পিতা আজরকে তার মুখে ধুলিমলিন কুৎসিত অবস্থায় দেখতে পাবেন। তখন ইবরাহীম 'আলাইহিস সালাম তাকে বলবেনঃ আমি কি আপনাকে বলিনি যে, আমার অবাধ্য হবেন না? তখন তার বাবা তাকে বলবেনঃ আমি আজ তোমার অবাধ্য হব না।

তখন ইবরাহীম আলাইহিস সালাম বলবেনঃ হে রব! আপনি আমাকে পুনরুখান দিনে লজ্জিত না করার ওয়াদা করেছেন। আমার পিতার ধ্বংসের চেয়ে লজ্জাজনক ব্যাপার আর কি হতে পারে? তখন আল্লাহ তা'আলা বলবেনঃ আমি কাফেরদের উপর জান্নাত হারাম করে দিয়েছি। তারপর বলা হবেঃ হে ইবরাহীম! আপনার পায়ের নীচে কি? তখন তিনি তাকালে দেখতে পাবেন বিদঘুটে কুৎসিত হায়েনা জাতীয় এক প্রাণী। তখন তার চার পা ধরে তাকে জাহান্নামে নিক্ষেপ করা হবে। (অর্থাৎ সে এমন ঘৃণিত হবে যে, ইবরাহীম 'আলাইহিস সালাম তার জন্য কথা বলতে চাইবেন না।) [বুখারীঃ ৩৩৫০]

তাফসীরে জাকারিয়া

### (৮৭) এবং আমাকে পুনরুত্থান-দিবসে লাঞ্ছিত করো না। [1]

[1] অর্থাৎ, সমস্ত মানুষের সামনে আমাকে পাকড়াও করে বা শাস্তি দিয়ে। অথবা আমার পিতাকে আযাব দিয়ে বা শাস্তিযোগ্য লোকেদের দলে তার হাশর করে। হাদীসে এসেছে যে, কিয়ামত দিবসে যখন ইবরাহীম (আঃ) নিজ



পিতাকে নিকৃষ্ট অবস্থায় দেখবেন, তখন তিনি আবার একবার আল্লাহর সমীপে তার জন্য ক্ষমার দরখাস্ত করবেন এবং বলবেন, 'হে আল্লাহ! এর থেকে বড় অপমান আমার আর কি হতে পারে?' মহান আল্লাহ বলবেন, 'আমি কাফেরদের জন্য জান্নাত হারাম করে দিয়েছি।' তারপর তাঁর পিতাকে একটি নোংরা-মাখা হায়েনার রূপে পায়ে ধরে জাহান্নামে ফেলে দেওয়া হবে। (বুখারী)

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3019

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন